

০৭/০২/২০২২ তারিখ দুপুর ১.৩০টায় অনুষ্ঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :

উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইনিতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগের সভাপতিত্বে অমর একুশে হলের প্রাধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে ০৭/০২/২০২২ তারিখ দুপুর ১.৩০ মিনিটে প্রচলিত যথাবিধি মেনে অনুষ্ঠিত হয়।

এই সভায় ইনোভেশন টিম সদস্য জনাব মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, ওএলএস বিভাগ, জনাব ইমাম হোসেন রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল এবং মো. বদরুল আহসান, উপ পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন উপস্থিত ছিলেন। এছাড়াও আমন্ত্রণক্রমে এপিএ ফোকাল পরেট ও ডেপুটি রেজিস্ট্রার জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ উপস্থিত ছিলেন।

সভার সভাপতি অধ্যাপক ইনিতিয়াক এম সৈয়দ উপস্থিত সকলকে ধন্যবাদ জামিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি করোনামা এবং অন্যান্য বিশেষ পরিহিতির কারণে যথাসময়ে ইনোভেশন টিমের সভা আয়োজন করা সম্ভব না হলেও এর কার্যক্রম কমান্বশী চলমান ছিল বলে উল্লেখ করেন। আলোচ্য অর্থ বছরের অর্বাধিক মেয়াদকালে এমন কিছু কর্ম পরিকল্পনা নির্ধারণ করার জন্য আলোচনা করতে বলেন যাতে বিশ্ববিদ্যালয়ের এতদবিষয়ে সার্বিক অবস্থানের উন্নয়ন হয়।

সভার শুরুতে তিনি উদ্ভাবনী ধারণা বিষয়ক আলোচনা করেন। ইনোভেশন টিমের অন্যতম সদস্য সহযোগী অধ্যাপক জনাব মো. রাশেদুর রহমান এবং এপিএ ফোকাল পরেট ডেপুটি রেজিস্ট্রার জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ ইনোভেশন টিমের কার্য পরিধির সাথে মূল এপিএ-এর সম্পর্ক/যোগসূত্রের বিষয়টি ব্যাখ্যা করেন।

উদ্ভাবনী ধারণা বিষয়ে জনাব ইমাম হাসান রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর উল্লেখ করেন যে, যদি কোন উদ্ভাবনী ধারণার মাধ্যমে সার্টিফিকেট ও মার্শীট প্রার্থীর বিষয়টি অন-লাইন কেন্দ্রিক করে আরও সহজ করা যায় তাহলে বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদানের বিষয়টি অনেকাংশে উন্নত হবে।

এছাড়া একাডেমিক ট্রান্সক্রিপ্ট পাওয়ার জন্য প্রচলিত প্রক্রিয়াকে এমনভাবে সম্পূর্ণরূপে অনলাইন কেন্দ্রিক করা যেতে পারে যাতে সেবা গ্রহীতা ঘরে বসেই একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রার্থীর সেবা গ্রহণ করতে সক্ষম হন।

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের চলমান বিভিন্ন অন-লাইন সেবা সংক্রান্ত কার্যক্রম নিয়ে নিষ্ঠাবৃত আলোচনা করা হয়।


বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- (১) DU Apps এবং Website- এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম শ্রেণীর (৯ম মেত) শিক্ষক-কর্মকর্তা নিয়ে আবেদন সংক্রান্ত যাবতীয় বিষয়গুলো সংযুক্ত করে একটি feature যোগ করা
- (২) সেবাহীতার সময়, শ্রম ও অর্ধের সাধারণ বিষয়টি অধ্যয়ন করে marksheet/certificate প্রার্থী/উত্তোলনের বিষয়টি online কেন্দ্রিক করে আরও simplification করা
- (৩) academic transcript প্রার্থী/উত্তোলনে সেবাহীতার সময়, শ্রম ও অর্ধের সাধারণ বিষয়টি বিবেচনায় নিয়ে online কেন্দ্রিক করে আরও simplification করা

(৪) DU Apps এবং Website এ academic calander এবং registration সংক্রান্ত feature যোগ করা হোক। সেবা প্রদান সংক্রান্ত কক্ষ সমূহের detail roomwise location map সমৃদ্ধ একটি feature যোগ করা

(৫) উপরোক্ত সিদ্ধান্ত ১, ২, ৩ ও ৪ বিষয়ে প্রয়োজনীয় কর্মপন্থা ও বাজেটীয় বিষয়াদি নির্ধারণের জন্য আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আলিফ হোসেন বান-এর সাথে একটি সভা আহ্বান করা

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইনিতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ উপস্থিত সকলকে ধন্যবাদ জামিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইনিতিয়াক এম সৈয়দ  
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢা.বি. ও  
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ ইনোভেশন টিম